

মার্বেল প্যালেস : চোরাবাগান মল্লিক বাড়ি

পাথুরিয়া-ঘাটার নীলমণি মল্লিকের দত্তক পুত্র রাজাবাহাদুর রাজেন্দ্র-লাল মল্লিক। তাঁর জন্ম ১৮১৯ সালে। ১৮৩৫ সালে এই অপূর্ব প্রাসাদের নির্মাণ শুরু হয়। এই প্রাসাদটিকে শিল্পের মন্দির বলা যেতে পারে। রাজা রাজেন্দ্র মল্লিকের শিল্পের প্রতি ভালোবাসা রূপ পেয়েছিল মার্বেল প্যালেসে। প্রাসাদটি ‘নিও-ক্লাসিকাল’



স্থাপত্য কলার নিদর্শন। মার্বেল প্যালেসে প্রচুর পেন্টিং, লিথগ্রাফ, আসবাবপত্র, মূর্তি ইত্যাদি শিল্প-দ্রব্য আছে। মার্বেল পাথরের সিংহগুলো জেন সজীব। ঝাড়-লঠনগুলো আনানো হয়েছিল ফ্রান্স থেকে। শুধু মার্বেল নয়, ব্রোঞ্জ, রূপো ইত্যাদিরও বহু মূর্তি ও অ্যান্টিক্ব আছে।

প্রাসাদের ‘বলরুম’এ জমে উঠত বাগ্‌জি নাচের আসর কখনও বা আবার ধ্রুপদী সঙ্গীতের জলসা, সাহিত্য চর্চা বা শিল্প আলোচনা। চিনের মিংদের পোসিলিনের পাত্র, জাপানি ফুলদানি, রুবেন্স, মুরিল্লো, ভ্যানডাইক প্রমুখ বিখ্যাত শিল্পীর ছবি ও মার্বেল মূর্তি যে একটিমাত্র ছাদের নীচে এভাবে সাজানো থাকতে পারে, তা মার্বেল প্যালেসে না এলে বোঝার উপায় থাকবে না।

শিল্পের মন্দির মার্বেল প্যালেস দেখতে চলে এসো:

৪৬,

মুক্তা-রাম বাবু স্ট্রীট,

চোরাবাগান,

কলকাতা (উত্তর)

(জোড়াসাঁকো ঠাকুরবাড়ির একটু আগে)

সোমোক রায়

(৮ অ)

